গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

স্মারক নং- ৪৬.০৩.৭২৭৪.০৬৩.৯৯.০০৯.১৮ ২৫ তারিখ- ২৫/০৭/২০২১ইং

## নোটিশ

নেত্রকোণা সদর উপজেলার জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির জুলাই/২০২১ইং মাসের সভা আগামী ২৯/০৭/২০২১ইং তারিখ, রোজ- বৃহস্পতিবার, সকাল ১০.০০ ঘটিকার সময় কমিটির সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, নেত্রকোণা-এর কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

সভায় আপনার উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হইল।

25.07.21
(আকাশ বসাক)
সদস্য সচিব,
জনস্বাস্থ্য ও স্যানিটেশন বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
ও
উপ-সহকারী প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা।

প্রাপক,

..............................................

..............................................

সদর, নেত্রকোণা।

স্মারক নং- ৪৬.০৩.৭২৭৪.০৬৩.৯৯.০০৯.১৮ তারিখ- ২৫/০৭/২০২১ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, নেত্রকোণা।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা, নেত্রকোণা।
৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলা, নেত্রকোণা।

25.07.21
(আকাশ বসাক)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভাইস চেয়ারম্যানের কার্যালয়
সদর উপজেলা, নেত্রকোণা।

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

বিষয় ঃ উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক কমিটির জুলাই/২০২১ইং মাসের সভার কার্যবিবরনী।

সভাপতি ঃ জনাব আব্দুল খালেক তালুকদার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, সদর উপজেলা, নেত্রকোণা।

সভার তারিখঃ ২৯/০৭/২০২১ইং

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| ক্রঃ নং | নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|
| ১। | জনাব আব্দুল খালেক তালুকদার | ভাইস চেয়ারম্যান<br>নেত্রকোণা সদর উপজেলা | সভাপতি |
| ২। | জনাব মোঃ আব্দুর রহিম | চেয়ারম্যান<br>সিংহের বাংলা ইউ.পি. | সদস্য |
| ৩। | জনাব মোঃ শফিকুল ইসলাম বাতেন | চেয়ারম্যান রৌহা ইউ.পি. | সদস্য |
| ৪। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান খান | চেয়ারম্যান<br>মৌগাতী ইউ.পি. | সদস্য |
| ৫। | জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক | চেয়ারম্যান<br>দক্ষিণ বিশিউড়া ইউ.পি. | সদস্য |
| ৬। | জনাব মোঃ আনোয়ার হোসেন | চেয়ারম্যান<br>কাইলাটি ইউ.পি. | সদস্য |
| ৭। | জনাব আকাশ বসাক | উপ-সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য সচিব |

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলেই স্বাগত জানান।

অতঃপর সভা পরিচালনা করার জন্য সভাপতি মহোদয় আকাশ বসাক, সদস্য সচিব, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ জানান। সভাপতির অনুমতি ক্রমে তিনি সভার আলোচনা শুরু করেন।

আলোচনা-১ঃ পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন।
উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক কমিটির জুলাই/২০২১ইং মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান।

সিদ্ধান্তঃ সকলের সম্মতিতে এবং কোন আপত্তি না থাকায় কার্যবিবরনীটি অনুমোদন করা হয়।

চলমান পাতা- ২

CamScanner

আলোচনা-২ঃ সদর উপজেলায় সংশ্লিষ্ট বিভাগের পানি ও স্যানিটেশন বিষয়ক চলমান কার্যক্রম।

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, ২০১৩ইং সালের তথ্য অনুযায়ী নেত্রকোণা সদর উপজেলায় স্যানিটেশন কভারেজ ৭৫.৫৫% যা বর্তমানে নেত্রকোণার গড় ৭৯.০০% এবং বাংলাদেশের গড় ৮৭.০০% এরও নিচে। এই হার আরও বাড়াতে নেত্রকোণা সদর উপজেলার সকল ইউনিয়নে স্যানিটেশন সুবিধা নিশ্চিত করতে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপনের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয় এ সময় বলেন যে, প্রতি ইউনিয়নের তিনটি রিং ও একটি শ্লাবের ল্যাট্রিন, চারদিকে টিনের ঘেরাও দিয়ে প্রতি দুই অথবা তিনটি পরিবারের জন্য সরবরাহ করা হলে স্বাস্থ্য সম্মত স্যানিটেশন সুবিধা প্রাপ্ত জনগণের সংখ্যা বৃদ্ধি পাবে যা নেত্রকোণা সদর উপজেলার সার্বিক স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখবে। সে গুলের সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিত করতে উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তঃ প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা, কর্মচারীবৃন্দের নিবিড় তত্ত্বাবধান ও জনপ্রতিনিধিবৃন্দের সার্বিক সহযোগীতা নিশ্চিত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

অন্য কোন আলোচনা না থাকায়, সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা জনস্বাস্থ্য ও স্যানিটেশন কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালনার স্বার্থে সকলের সহযোগীতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/7/21

(আব্দুল খালেক তালুকদার)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।

স্মারক নং- ৪৬.০৩.৭২৭৪.০৬৩.৯৯.০০৯.১৮ তারিখ- ২৯/০৭/২০২১ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, নেত্রকোণা।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর উপজেলা, নেত্রকোণা।
৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলা, নেত্রকোণা।

29.07.21

(আকাশ বসাক)
উপ-সহকারী প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
সদর উপজেলা, নেত্রকোণা।

CamScanner